রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়
অস্থায়ী কার্যালয়: বিভাগীয় কন্টিনিউইং এডুকেশন সেন্টার (ডিসিইসি ভবন)
রাজশাহী মেডিকেল কলেজ ক্যাম্পাস, রাজশাহী-৬০০০।
ফোন: ০২৪৭-৮১১১৫৭, ই-মেইল: rmu.registrar@gmail.com
Web: www.rmu.edu.bd

২৪ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ
তারিখঃ-------------------------
০৯ অক্টোবর, ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নং ঃ রামেবি/প্রশা./নি.বা./৯১(৩)/২০২৩/৩৩০৩

# নিয়োগ পরীক্ষা ফি পুনঃনির্ধারণের নোটিশ

রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের গত ০৬ অক্টোবর, ২০২৫ খ্রি. তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে (রামেবি/প্রশা./নি.বা./৯১(৩)/২০২৩/৩২৪৪) আবেদনের শর্তে প্রার্থীকে রেজিস্ট্রার, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে জনতা ব্যাংকের যেকোন শাখা থেকে সকল পদের জন্য "আবেদন ফি" ৬০০/- টাকা মূল্যের অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর পরিবর্তে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, প্রবিধি-২ শাখার গত ৩০ ডিসেম্বর, ২০২৪ খ্রি. তারিখের প্রকাশিত প্রজ্ঞাপন (নং-০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৫-৩৬২) অনুসারে পুনঃনির্ধারণ করা হলো:

| ক্রম | পদের গ্রেড | "আবেদন ফি" হার (টাকা) |
|---|---|---|
| ১ | ৯ম গ্রেড বা তদূর্ধ্ব (নন-ক্যাডার) | ২০০/- (দুইশত) |
| ২ | ১০ম গ্রেড | ২০০/- (দুইশত) |
| ৩ | ১১তম এবং ১২তম গ্রেড | ১৫০/- (একশত পঞ্চাশ) |
| ৪ | ১৩তম থেকে ১৬তম | ১০০/- (একশত) |
| ৫ | ১৭তম থেকে ২০তম | ৫০/- (পঞ্চাশ) |
| ৬ | সকল গ্রেড (অনগ্রসর নাগরিক) | ৫০/- (পঞ্চাশ) |

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

০৯/১০/২৫
প্রফেসর ডা. মো: হাসিবুল হোসেন
রেজিস্ট্রার
রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়

সংযুক্তি:
১। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, প্রবিধি-২ শাখার প্রজ্ঞাপন (নং-০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৫-৩৬২); তারিখ: ৩০ ডিসেম্বর, ২০২৪ খ্রি.।

অনুলিপি (অবগতির জন্য) :
১-৫। সকল বিভাগীয় প্রধান, রামেবি।
৬। পিএস টু ভিসি (অ.দা.), রামেবি
৭। পিও টু রেজিস্ট্রার, রামেবি।
৮। রামেবি ওয়েবসাইট/নোটিশ বোর্ড।
৯। সংশ্লিষ্ট নথি।

০৯/১০/২৫
প্রফেসর ডা. মো: হাসিবুল হোসেন
রেজিস্ট্রার
রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি-২ শাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৫-৩৬২

তারিখ: ১৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক পরিচালিত বিসিএস ব্যতীত নন-ক্যাডার পদ এবং সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, স্ব-শাসিত, সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ ও বিভিন্ন কর্পোরেশনের বিভিন্ন গ্রেডভুক্ত পদের নিয়োগ "পরীক্ষা ফি" শর্তসাপেক্ষে নিম্নরূপভাবে নির্দেশক্রমে পুনঃনির্ধারণ করা হলো:

| ক্রম | পদের গ্রেড | "পরীক্ষা ফি" হার (টাকা) |
|---|---|---|
| ১ | ৯ম গ্রেড বা তদূর্ধ্ব (নন-ক্যাডার) | ২০০/-(দুইশত) |
| ২ | ১০ম গ্রেড | ২০০/-(দুইশত) |
| ৩ | ১১তম এবং ১২তম গ্রেড | ১৫০/-(একশত পঞ্চাশ) |
| ৪ | ১৩তম থেকে ১৬তম গ্রেড | ১০০/-(একশত) |
| ৫ | ১৭তম থেকে ২০তম গ্রেড | ৫০/- (পঞ্চাশ) |
| ৬ | সকল গ্রেড (অনগ্রসর নাগরিক) | ৫০/- (পঞ্চাশ) |

**শর্তাবলি:**

ক) টেলিটক বাংলাদেশ লিমিটেডের মাধ্যমেও অনলাইনে আবেদন ও "পরীক্ষা ফি" গ্রহণ করা যাবে এবং সেক্ষেত্রে "পরীক্ষা ফি" বাবদ সংগৃহীত অর্থের সর্বোচ্চ ১০% কমিশন হিসেবে টেলিটক বাংলাদেশ লিমিটেডকে প্রদান করা যাবে এবং কমিশন হিসেবে প্রাপ্ত অর্থের ১৫% ভ্যাট হিসাবে আদায় করা যাবে। উদাহরণস্বরূপ: ১৩-১৬ গ্রেডের নিয়োগ পরীক্ষার ফি বাবদ নির্ধারিত ১০০ টাকার সর্বোচ্চ ১০% অর্থাৎ ১০ টাকা পর্যন্ত টেলিটক বাংলাদেশ লিমিটেডকে কমিশন হিসেবে প্রদান করা যাবে এবং উক্ত ১০ টাকার ১৫% অর্থাৎ ১.৫ টাকা VAT হিসাবে আদায় করা যাবে অর্থাৎ পরীক্ষার্থীর নিকট হতে সর্বোচ্চ আদায়যোগ্য টাকার পরিমাণ হবে ১০০+১০+১.৫=১১২ টাকা;

খ) টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক "পরীক্ষা ফি" বাবদ অর্থ গ্রহণের পরবর্তী ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ব্যাংক চেকের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে জমা প্রদানের পর উক্ত প্রতিষ্ঠান অবিলম্বে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করবে, তবে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান প্রয়োজনীয় ক্ষেত্রে উক্ত অর্থ নিজস্ব ব্যাংক হিসাবে জমা করতে পারবে;

গ) "অনলাইন আবেদন" গ্রহণ না করা হলে "পরীক্ষা ফি" বাবদ অর্থ চালানের মাধ্যমে গ্রহণ করতে হবে। তবে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যাংক ড্রাফট/পে অর্ডারে এ অর্থ গ্রহণ করতে পারবে;

ঘ) "পরীক্ষা ফি" বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের "১৩ ডিজিট প্রাতিষ্ঠানিক কোড" এবং "০৭ ডিজিট নতুন অর্থনৈতিক কোড ১৪২২৩২৬" এ অটোমেটেড চালানে সরকারি কোষাগারে জমা করতে হবে; এবং

ঙ) কোন প্রতিষ্ঠান ম্যানুয়াল চালানে (টিআর ফরম) "পরীক্ষা ফি" জমা করতে চাইলে "১- প্রাতিষ্ঠানিক কোড (চার অংক বিশিষ্ট)-পরিচালনা কোড (চার অংক বিশিষ্ট)-অর্থনৈতিক কোড (২০৩১)" এ জমা করতে হবে।

২। অর্থ বিভাগের ১৭/০৮/২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৪-২৩৫ (১) নং প্রজ্ঞাপন বাতিল করা হলো।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

৩০/১২/২৪

(আছিয়া খাতুন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮১১৩১

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

নং-০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৫-৩৬২(১৭)

তারিখ: ১৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

০২। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক,অডিট ভবন,৭৭/৭ কাকরাইল , ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

০৩। সিনিয়র সচিব/সচিব----------------------------------মন্ত্রণালয়/বিভাগ (সকল) (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

০৪। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।

০৫। সচিব (সরকারের সচিব) বাংলাদেশ সরকারী কর্মকমিশণ সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

০৬। বিভাগীয় কমিশনার-----------------------------------(সকল) (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

০৭। হিসাব মহা-নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

০৮। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুন বাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

০৯। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ ভবন, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক-------------------------------(সকল বিভাগ) (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা -------------------------------------(সকল)।

১২। মাননীয় অর্থ এবং বিজ্ঞান ও প্রযুক্তি উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।

১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

১৪। উপ পরিচালক,বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা-বাংলাদেশ গেজেটে প্রকাশের এবং প্রকাশিত গেজেটের ১০০ (একশত) কপি অর্থ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।

১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ করা হলো)

১৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ -----------------------(সকল)।

১৭। অফিস কপি।

৩০/১২/২৪
(আছিয়া খাতুন)
সিনিয়র সহকারী সচিব